



বাংলাদেশ শিশু একাডেমি

কেন্দ্রীয় কার্যালয়

দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০

www.shishuacademy.gov.bd

প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নির্দেশিকা

প্রশিক্ষণ কোর্সের বিষয় ও কোর্সের মেয়াদ :

সংগীত	৪ বছর
নৃত্য, চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী এবং গিটার (হাওয়াইয়ান/স্প্যানিশ)	৩ বছর
তবলা, নাট্যকলা ও ইংরেজি ভাষা শিক্ষা	২ বছর
দাবা, কম্পিউটার, সুন্দর হাতের লেখা, বাঁশি, বেহালা ও দোতারা	১ বছর

প্রশিক্ষণ ক্লাস :

বিষয়ভিত্তিক সপ্তাহে ২ (দুই) দিন। যেমন-

বৃহস্পতিবার ও শুক্রবার : সংগীত, নৃত্য, গিটার (হাওয়াইয়ান/স্প্যানিশ), তবলা, বেহালা ও বাঁশি।

শুক্রবার ও শনিবার : চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী, নাট্যকলা, কম্পিউটার ইংরেজি ভাষা শিক্ষা, সুন্দর হাতের লেখা, দাবা, দোতারা।

ভর্তির বয়সসীমা :

১। সকল বিষয়ে ০৬ থেকে ১৩ বছর পর্যন্ত।

তবে গিটার, দাবা, ইংরেজি ভাষা শিক্ষা, সুন্দর হাতের লেখা ও কম্পিউটার বিষয়ে ০৯ থেকে ১৩ বছর পর্যন্ত। ভর্তির সময় প্রশিক্ষণার্থীর সঠিক জন্মনিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অন্যথায় পরবর্তীতে ভেরিফিকেশনের মাধ্যমে তথ্য ভুল প্রমাণিত হলে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি প্রক্রিয়া :

- ক) ভর্তির জন্য শিশু একাডেমির ওয়েবসাইট www.shishuacademy.gov.bd থেকে অন-লাইনে ফরম ডাউনলোড করে অথবা সরাসরি অফিস থেকে ফরম সংগ্রহের পর পূরণ করে নির্ধারিত টাকা ব্যাংকে জমা দিয়ে ভর্তি হওয়া যাবে।
- খ) ভর্তি ফি মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, হিসাব নং-এসটিডি-০২০০০০২৫৭৭২৮৯ অগ্রণী ব্যাংক লিমিটেড, বাংলা একাডেমি শাখা, ঢাকা অথবা অন্য যেকোন শাখায় জমা দেওয়ার পর মূল রশিদ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরম সাংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগে জমা দিয়ে পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।
- গ) বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরাসরি সাংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগে এসে শুধুমাত্র চিত্রাংকন ও সৃজন বিষয়ে ভর্তি হওয়া যাবে।
- ঘ) ভর্তি ফরমের সঙ্গে প্রদত্ত নির্ধারিত অঙ্গীকারনামা পূরণ করে একই সাথে জমা দিতে হবে। এছাড়া মাতা, পিতা ও প্রশিক্ষণার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি, মাতা, পিতা উভয়ের জাতীয় পরিচয় পত্রের (NID) কপি এবং প্রশিক্ষণার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ঙ) একজন প্রশিক্ষণার্থী ক্লাস সময়ের সাথে সামঞ্জস্য রেখে বৃহস্পতি ও শুক্রবারের বিষয় হতে ২টি এবং শুক্র ও শনিবারের বিষয় হতে ২টিসহ সর্বোচ্চ ৪টি বিষয়ে ভর্তি হতে পারবে।

ভর্তি ফি :

প্রত্যেক বিষয়ের জন্য আলাদাভাবে প্রতি বর্ষে এককালীন ভর্তি ফি ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা। শুধুমাত্র চিত্রাংকন ও সৃজন বিষয়ে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।

প্রশিক্ষণার্থীর ইউনিফর্ম :

মেয়েদের জন্য : লাল টপস্, সবুজ স্কার্ট, লাল লেগিংস, কালো জুতা (বাটা স্কুল'সু), সাদা মোজা এবং চুলে সাদা ফিতা বা রাবার ব্যান্ড পরতে হবে।

ছেলেদের জন্য : লাল শার্ট, সবুজ প্যান্ট, কালো জুতা (বাটা স্কুল'সু) এবং সাদা মোজা পরতে হবে।

ক) নিয়মিত ইউনিফর্ম পরে ক্লাসে আসতে হবে।

খ) শীতকালে লাল সোয়েটার পরতে হবে।

প্রত্যেক বিষয়ের শাখা অনুযায়ী ক্লাসের সময়সূচি প্রশিক্ষণ ক্লাস শুরু হওয়ার পূর্বে নোটিশের মাধ্যমে জানানো হবে। এজন্য একাডেমির নোটিশ বোর্ডসমূহ ও ওয়েবসাইট দেখতে হবে। এছাড়া-

ক) বয়সভেদে ক্লাসের সময় ও শাখা নির্ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

খ) শীতকাল ও রমজান মাসে সময়সূচির পরিবর্তন হতে পারে। বিশেষ কোনো দিবস উপলক্ষ্যে ক্লাস বন্ধ থাকলে ক্লাসের পরিবর্তে অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণার্থীদের নোটিশের মাধ্যমে যথাসময়ে তা জানিয়ে দেয়া হবে।

গ) সকল প্রকার নোটিশ শ্রেণিকক্ষে সরবরাহ করা হয়। এজন্য নিয়মিত একাডেমির নোটিশ বোর্ড এবং একাডেমির ওয়েবসাইট দেখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চিত্রাংকন ও সৃজন ক্লাসের জন্য প্রয়োজনীয় তথ্য :

- ক) ৬-৯ বছর বয়সের শিশুদের ১২X১৮ সাইজের বোর্ড এবং ১০-১৩ বছর বয়সের শিশুদের ১২X২৪ সাইজের বোর্ড আনতে হবে।
- খ) প্যাস্টেল কালার/ওয়াটার কালার/পোস্টার কালার/অয়েল কালার-এর মধ্য থেকে যে কোনো ১/২ টা কালার এবং কার্টিজ পেপারের ড্রয়িং খাতা ১/২ টা শ্রেণি প্রশিক্ষকের পরামর্শ অনুযায়ী আনতে হবে।
- গ) সৃজন ক্লাসের জন্য রঙিন কাগজ, গু, কাঁচি ইত্যাদি প্রশিক্ষকের পরামর্শ অনুযায়ী নির্ধারিত ক্লাসের দিন আনতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য :

- ০১। ভর্তির পর ২য় সপ্তাহের মধ্যে হাজিরা খাতায় নাম অন্তর্ভুক্ত না হলে কিংবা প্রশিক্ষণ ক্লাস বা পরীক্ষা সংক্রান্ত কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে প্রশিক্ষণ ক্লাসের কমপক্ষে ১ ঘন্টা পূর্বে বা পরে প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করবেন।
- ০২। ক্লাস চলাকালীন অভিভাবকগণ প্রশিক্ষণ শাখার অফিস কক্ষে ও শ্রেণিকক্ষে প্রবেশ করতে পারবেন না।
- ০৩। একাডেমিতে শিশুদের প্রশিক্ষণ ক্লাসের পূর্বে/পরে শিশুর সকল প্রকার দায়-দায়িত্ব নিজ নিজ অভিভাবকের।
- ০৪। বাংলাদেশ শিশু একাডেমিতে উদযাপিত জাতীয়/নির্ধারিত অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদেরকে উপস্থিত থাকার জন্য আহ্বান জানানো হবে। সেক্ষেত্রে প্রশিক্ষণার্থীসহ অভিভাবকগণকে উপস্থিত থাকতে হবে।
- ০৫। একাডেমি প্রাঙ্গণে কর্তৃপক্ষের অগোচরে অনেক সময় বহিরাগত ব্যক্তির বিভিন্ন প্রতিযোগিতার নাম করে ফরম বিক্রির মাধ্যমে শিশু ও তার অভিভাবকদের প্রতারিত করতে পারে। এ বিষয়ে অভিভাবকদের সতর্ক থাকতে হবে। শিশু একাডেমি কর্তৃপক্ষ কোনো প্রকার দায়দায়িত্ব বহন করবে না।
- ০৬। কোনো কারণে শিশু/অভিভাবকের পরিচয়পত্র হারিয়ে গেলে ১ কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ মহাপরিচালক বরাবরে আবেদন লিখে প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকটে জমা দিতে হবে। আবেদন গৃহীত হলে ৫০.০০(পঞ্চাশ) টাকার রশিদ কেটে সাংস্কৃতিক বিভাগ থেকে নতুন পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।
- ০৭। কোনো প্রশিক্ষণার্থী তার ফলাফল কার্ড হারিয়ে ফেললে তাকে মহাপরিচালক বরাবরে আবেদন লিখে প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকটে জমা দিতে হবে। আবেদন গৃহীত হলে ১০০.০০(একশত) টাকার রশিদ কেটে প্রশিক্ষণ বিভাগ থেকে নতুন ফলাফল কার্ড সংগ্রহ করতে হবে।
- ০৮। প্রত্যেক শিশু ও অভিভাবককে প্রশিক্ষণ বিভাগ থেকে পরিচয়পত্র প্রদান করা হবে। কোনো অভিভাবক পরিচয়পত্র ছাড়া শিশুকে নিয়ে একাডেমি প্রাঙ্গণে প্রবেশ করতে পারবেন না। তবে কোনো বিশেষ কারণে পরিচয়পত্রবিহীন অভিভাবককে শিশুর সঙ্গে একাডেমিতে পাঠাতে হলে প্রশিক্ষণ বিভাগের সঙ্গে যোগাযোগ করে যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৯। ভর্তির পর কোনোভাবেই বিষয় এবং শাখা পরিবর্তন করা যাবে না।
- ১০। বিষয় ও বয়স ভিত্তিক নির্ধারিত ক্লাস সময় অনুযায়ীই ক্লাস করতে হবে। একাধিক সন্তান ভিন্ন ভিন্ন ক্লাসে প্রশিক্ষণ নিয়ে থাকলে যার যার ক্লাস তার সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সময়/রুটিন পরিবর্তন কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। ক্লাসের সময়সূচির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত এবং এ নিয়ম মেনে চলতে হবে।

পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি :

- ক) প্রতি শিক্ষাবর্ষে ২টি শ্রেণি পরীক্ষা, অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- খ) পরীক্ষার সময়সূচি শিশু একাডেমির নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- গ) পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে শিক্ষার্থীকে ক্লাসে ৭৫% (শতাংশ) উপস্থিত থাকতে হবে।
- ঘ) পরীক্ষার পূর্ণমান বন্টন সাংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগ কর্তৃক নির্ধারিত হবে।
- ঙ) প্রত্যেক প্রশিক্ষণার্থীর নিজ নিজ বিষয়ের সবকটি অংশের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- চ) প্রতিটি পরীক্ষায় প্রত্যেক বিষয়ে সবকটি অংশে আলাদাভাবে ৪০% নম্বর কৃতকার্য মান বলে বিবেচিত হবে।
- ছ) কোনো শিক্ষার্থী শ্রেণি পরীক্ষা/অর্ধ-বার্ষিক/বার্ষিক পরীক্ষার কোনো বিষয়ে অনুপস্থিত থাকলে অকৃতকার্য বলে বিবেচিত হবে।
- জ) নির্ধারিত সময়ে কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ না করলে সে বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ঝ) লাইব্রেরি ও জাদুঘর ব্যবহারের জন্য অর্ধবার্ষিক পরীক্ষায় প্রতিটিতে ৫ নম্বর করে মোট ১০ নম্বর এবং অনুষ্ঠানে উপস্থিতি ও শ্রেণিতে বা ক্লাসে উপস্থিতির জন্য বার্ষিক পরীক্ষায় প্রতিটিতে ৫ নম্বর করে মোট ১০ নম্বর যুক্ত হবে। প্রতিটিতে অংশগ্রহণ বাধ্যতামূলক। কোনো একটিতে নম্বর না পেলে অকৃতকার্য বলে বিবেচিত হবে।
- ঞ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সংশোধন, সংযোজন ও পরিবর্তন হতে পারে।
- ট) শ্রেণি পরীক্ষা/অর্ধ-বার্ষিক/বার্ষিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে অথবা এর কোনো একটি পরীক্ষায় অকৃতকার্য হলে পুনরায় ভর্তি ফি জমা দিয়ে একই বর্ষে ভর্তি হতে হবে। এছাড়া লাইব্রেরি ও জাদুঘর ব্যবহার এবং অনুষ্ঠানে উপস্থিতি ও ক্লাসে উপস্থিতির জন্য নম্বর না পেলেও অকৃতকার্য বলে গণ্য হবে।

শিশুরা থাকুক হাসিতে শিশুরা থাকুক খুশিতে

যোগাযোগ : +৮৮০২-৪১০৫২২২০

ওয়েব সাইট : www.shishuacademy.gov.bd